২৬/১২/২০০০

তারিখ ... পৃষ্ঠা ১২ কলাম ৬

ভোরের কাগজ

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৫ শতাধিক ছাত্রছাত্রী নির্বাচনী প্রচারণায়

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : আসন্ন সংসদ নির্বাচনকে কেন্দ্র করে প্রার্থীদের পক্ষে প্রচার-প্রচারণা ও জনসংযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরাও বসে নেই। প্রায় ৫ শতাধিক ছাত্রছাত্রী ঢাকার ৭টি আসনে সকাল থেকে রাত পর্যন্ত প্রচারণায় অংশ নিচ্ছে। তাদের পেছনে প্রতিদিন ব্যয় হচ্ছে প্রায় লক্ষ টাকা।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের এই ৫ শতাধিক ছাত্রছাত্রী আওয়ামী লীগ ও বিএনপির পক্ষে নির্বাচনী প্রচারণায় এখন মশগুল। এর মধ্যে আওয়ামী লীগেই সর্বাধিক সাড়ে ৩ শতাধিক ছাত্রলীগ কর্মী কাজ করছেন। ছাত্রলীগের এসব ছাত্রছাত্রীরা প্রধাণত ঢাকা-১০ (তেজগাঁও-রমনা), ঢাকা-৯ (ধানমন্ডি-মোহাম্মদপুর), ঢাকা-৬ (মতিঝিল-সবুজবাগ-খিলগাঁও), ঢাকা-৭. (সূত্রাপুর-কোতোয়ালি), ঢাকা-৮ (লালবাগ-কামরাঙ্গীরচর), ঢাকা-১১ (মিরপুর-পল্লবী) এই ৬টি আসনে প্রচারণা চালাচ্ছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, ছাত্রলীগ ঢাকা শহরে প্রচারণার জন্য ১২টি টিম এবং ১টি স্পেশাল টিম গঠন করেছে। এই ১২টি টিম ঢাকা-৬, ঢাকা-৯, ঢাকা-১১ আসনে কাজ করছে। জগন্নাথ হলের শতাধিক ছাত্র নিয়ে গঠিত হয়েছে স্পেশাল টিমটি।

এই টিমটি ঢাকা-৭ আসনে আওয়ামী লীগ প্রার্থী সাইদ খোকনের পক্ষে প্রচারণা চালাচ্ছেন। তারা তাঁতীবাজার, শাঁখারীপট্টি ও ইসলামপুর এলাকায় হিন্দু ভোটারদের মাঝে কাজ করছেন বলে সংশ্লিষ্ট সূত্র জানায়। ঢাকা-১০ আসনে জিয়া হল, জসীমউদ্‌দীন হল ও রোকেয়া হলের ছাত্রছাত্রীদের নিয়ে গঠিত একটি টিম কাজ করছে। টিমগুলো ১৫/২০ জনকে নিয়ে গঠিত। এর মধ্যে ৮/৯ জনই ছাত্রী। রোকেয়া, শামসুন্নাহার এবং মৈত্রী এই ৩টি ছাত্রী হলের দেড় শতাধিক ছাত্রী ছাত্রলীগের হয়ে ঢাকার বিভিন্ন আসনে প্রচারণা চালাচ্ছে। ছাত্রলীগ সূত্রে জানা যায়, এ ছাড়াও শতাধিক ছাত্রলীগ কর্মী আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার ৫টি নির্বাচনী এলাকায় কাজ করছেন। আওয়ামী লীগের বিভিন্ন প্রার্থীদের স্ত্রীদের সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রী হলের ছাত্রলীগ কর্মীরা কাজ করছে বলে জানা যায়।

বিশ্ববিদ্যালয়ের হলগুলো বর্তমানে ছাত্রলীগে একক নিয়ন্ত্রণে থাকায় ছাত্রদলের হয়ে বিএনপির প্রচারণায় ছাত্রছাত্রীদের অংশগ্রহণ অপেক্ষাকৃত কম। ছাত্রদলের হয়ে ঢাকা-৭, ঢাকা-৮, ঢাকা-৯, ঢাকা-৪, ঢাকা-৬, ঢাকা-১০ এই আসনগুলোতে কিছু ছাত্রছাত্রী কাজ করছে। এসব আসনে ছাত্রদলের প্রায় ১১টি টিম কাজ করছে বলে জানা যায়।

এসব আসনগুলোর মধ্যে সবচেয়ে বেশি সংখ্যক ছাত্রদল কর্মী কাজ করছে ঢাকা-৮ আসনে বিএনপি প্রার্থী নাসিরউদ্দিন পিন্টুর পক্ষে। ছাত্রদল ঢা.বি শাখার সাধারণ সম্পাদক মোস্তাফিজুল ইসলাম মামুনের নেতৃত্বে ৩৫/৪০ জনের একটি দল এই আসনে কাজ করছে।

নাসিরউদ্দিন পিন্টুর স্ত্রীর সঙ্গে শামসুন্নাহার, রোকেয়া হলের ছাত্রদল কর্মীরা প্রচারাভিযানে অংশ নিচ্ছেন। বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার নির্বাচনী এলাকায়ও কিছু ছাত্রদল নেতাকর্মী কাজ করছে বলে দলীয় সূত্রে জানা যায়।

এ ছাড়া ছাত্রলীগ এবং ছাত্রদলের অনেক নেতানেত্রী তাদের নিজ নিজ নির্বাচনী এলাকাতেও কাজ করছে। উভয় সংগঠনের কর্মীরা দৈনিক ২০০ টাকা থেকে ২৫০ টাকা করে এবং ছাত্রী কর্মীরা ২৫০ থেকে ৩০০ টাকা করে পারিশ্রমিক পাচ্ছেন। প্রচারাভিযানের শেষ সময় পর্যন্ত এসব ছাত্রছাত্রীরা প্রার্থীদের পক্ষে কাজ করে যাবেন। সকাল ১০টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত ছাত্রীরা এবং রাত ১০টা পর্যন্ত ছাত্ররা প্রচারণায় অংশ নেয়।